অঞ্চল কমিটি ভেঙে দেওয়া হল ঃ শিবদাসন

নিজস্ব সংবাদদাতা, কাঁকসা ঃ হার্মাদ চলবে না। চলবে না মাস্তান মনোভাব সম্পন্ন। সবাইকে নিয়ে কাজ করতে পারবে চাই এমন অঞ্চল সভাপতি আর হার্মাদ তো চলবেই না তাই কাঁকসার বনকাটি এবং ত্রিলোকচন্দ্রপুর অঞ্চল কমিটি ভেঙে দেওয়া হল। সরিয়ে দেওয়া হয়েছে এই দুই অঞ্চলের সভাপতি এবং কার্যকরি সভাপতিদের। এমনটাই এই প্রতিবেদককে জানান পশ্চিম বর্ধমানের জেলা তৃণমূল সভাপতি ভি শিবদাসন। বৃহস্পতিবার দুর্গাপুরে কোর কমিটির মিটিং-এ দীর্ঘক্ষণ আলোচনা হয় কাঁকসার অঞ্চল কমিটির সভাপতিদের নিয়ে। সাত এলাকায় দুই জেলা নেতা উত্তম মুখোপাধ্যায় এবং প্রভাত চট্টোপাধ্যায়ের গড়ে দেওয়া অঞ্চল কমিটি নিয়ে ব্যাপক ক্ষোভ দেখা দেয় তৃণমূলের নিচুতলার কর্মীদের মধ্যে। এই দুই জেলা নেতার উপর ভরসা না রাখতে পেরে নিচুতলার কর্মীরা সরাসরি অভিযোগ জানায় জেলা সভাপতির কাছে। প্রসঙ্গত এই দুই জেলা নেতা নিজেদের মর্জিমতো ত্রিলোকচন্দ্রপুর এবং বনকাটিতে প্রস্তাবিত নামের বাইরে থেকে অঞ্চল সভাপতি ঘোষণা করেন। নিচুতলার কর্মীদের অভিযোগ, এই দুই জেলা নেতা নিচুতলার কর্মীদের সাথে কোন আলোচনা না করেই একজন হার্মাদ আর একজন অচেনা ব্যক্তিকে অঞ্চল সভাপতি করে দেন। জেলা নেতা প্রভাত চট্টোপাধ্যায় প্রাক্তন সিপিএম হার্মাদ নেতাকে আর উত্তম মুখোপাধ্যায় ঝাড়খণ্ড থেকে আসা নব্য তৃণমূলীকে অঞ্চল সভাপতি করেন। এক সংসদ থেকে অঞ্চল সভাপতি এবং দুই কার্যকরি সভাপতি নির্বাচিত করে উত্তম মুখোপাধ্যায় দলের নীতি থেকে সরে গিয়েছিলেন বলে অভিযোগ নিচুতলার কর্মীদের। তৃণমূল জেলা সভাপতি ভি শিবদাসন বলেন, এই দুই অঞ্চলের সভাপতি এবং কার্যকরি সভাপতিদের সরিয়ে দেওয়া হয়েছে। উত্তম মুখোপাধ্যায় এবং প্রভাত চট্টোপাধ্যায়কে বলা হয়েছে নিচুতলার কর্মীদের সাথে আলোচনা করে কমিটি গঠন করতে। তবে সবাইকে নিয়ে চলতে পারে এমন নেতা (পড়ুন প্রাক্তন সিপিএম হার্মাদ হলে চলবে না আর মাস্তানি মানসিকতা সম্পন্ন হলে চলবে না) কেই অঞ্চল সভাপতি এবং কার্যকরি সভাপতির পদে নিয়ে আসতে হবে বলে জানান জেলা সভাপতি ভি শিবদাসন।

একশো দিন প্রকল্পের মাসিক পত্রিকার উদ্বোধন

নিজস্ব সংবাদদাতা, বর্ধমান ঃ শুক্রবার পূর্ব বর্ধমান জেলার বর্ধমান শহরের লোকসংস্কৃতি মঞ্চে মহাত্মা গান্ধী গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পের মাসিক পত্রিকার উদ্বোধন হল। পত্রিকাটি উদ্বোধন করেন রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়। উপস্থিত ছিলেন রাজ্যের আর এক মন্ত্রী স্বপন দেবনাথ, বিধায়ক রবিরঞ্জন চট্টোপাধ্যায়, সাংসদ সুনীল মন্ডল, জেলা পরিষদের সভাধিপতি দেবু টুডু, জেলাশাসক অনুরাগ শ্রীবাস্তব, বাগবুল ইসলাম, নারায়ণ হাজরা-সহ অনেকে। একশো দিনের প্রকল্প পূর্ব বর্ধমান জেলায় সেরার স্বীকৃতি পেয়েছে। জেলার বিভিন্ন ব্লক জুড়ে একাধিক উন্নয়নমুখী কাজ হচ্ছে। এটা একশো দিন প্রকল্পে সম্ভব বলে মনে করছেন উপস্থিত অনেকেই। একশোয় একশো মাসিক পত্রিকাটি একশো দিন প্রকল্পের একাধিক বিষয়ে জানতে পারবেন সকলে।

কাঁকসা ব্লক নেতাদেরকে ছোট করতে গিয়েই মুখ পুড়ল তৃণমূলের

নিজস্ব সংবাদদাতা, কাঁকসা ঃ দুই অঞ্চল কমিটি ভেঙে দেওয়া হলেও বাকি পাঁচ অঞ্চলে চরম ক্ষোভ নিচুতলার কর্মীদের মধ্যে। কাঁকসা ব্লকে গোষ্ঠীদ্বন্দ্বের জন্য দায়ী একমাত্র কাঁকসা ব্লক নেতারা এটা প্রমাণ করতে গিয়েই দুর্গাপুরের দুই জেলা নেতা দলের মুখ পোড়ালেন সাত অঞ্চল সভাপতি নিয়োগ করে। কাঁকসার সাথে সাথে দুর্গাপুরের নিচুতলার কর্মীদের অভিযোগ কাঁকসা ব্লকে দুই জেলা নেতার প্রতিটি পদক্ষেপ ছিল ভুলে ভরা। কাঁকসার নিচুতলার কর্মীদের অভিযোগ, দুর্গাপুরের কার্যকরি সভাপতি উত্তম মুখোপাধ্যায় এবং কাঁকসার পর্যবেক্ষক প্রভাত চট্টোপাধ্যায়ের মধ্যে এলাকা ভাগ করে দিতেই গন্ডগোলের শুরু। দুর্গাপুরের জেলা নেতাদের চরম গোষ্ঠীদ্বন্দ্ব রাজ্য নেতাদের কাছে চরম কাঁটা হয়ে রয়েছে বেশ কয়েকবছর ধরেই। দুর্গাপুর শহরের নেতাদের গোষ্ঠীদ্বন্দ্বের জেরেই বিধানসভা ভোটে হার হয় দুর্গাপুরের দুটি আসনেই। পাড়িয়ালের মতো নেতাকে দল ছাড় তে হয়। পাড়িয়ালের কাছে হার হয় সেই সময়ের দুর্গাপুরের তৃণমূলের মুখ দুপুরে ভাত ঘুম দেওয়া নেতার। এরপরেও কাঁকসার গোষ্ঠীদ্বন্দ্ব দূর করতে এই দুই জেলা নেতাকে দায়িত্ব দেওয়া ভুল হয়েছিল দলের বলেই মনে করছে তৃণমূলের নিচুতলার কর্মীরা। তৃণমূলের নিচুতলার কর্মীদের অভিযোগ, দল যেন দুই নেতাকে দুই জমিদারি তুলে দিয়েছিল আর এই জমিদারি রক্ষা করতে দুই জেলা নেতা নায়েব রেখেছিলেন নিজেদের মর্জিমতো। অভিযোগ, যদি দুর্গাপুরের দুই জেলা নেতা প্রস্তাবিত নামের বাইরে থেকে অঞ্চল সভাপতি নিয়োগ করবেন এমন সিদ্ধান্ত নিয়েছিলেন তাহলে সরাসরি অঞ্চল নেতাদের কাছ থেকে বায়োডাটা চাইলেন না কেন। আর প্রস্তাবিত নামের বাইরে থেকে কেনই বা নেওয়া হল প্রশ্ন তুলছেন কাঁকসার নিচুতলার কর্মীরা। দুই অঞ্চল কমিটি ভেঙে দেওয়া হলেও নিচুতলার ক্ষোভ সামাল দেওয়া যায় নি। বাকি পাঁচ অঞ্চলেই ক্ষোভ রয়েছে কমবেশি। নিচুতলার কর্মীদের অভিযোগ, বিদবিহার, গোপালপুর এবং মলানদিঘি অঞ্চল সভাপতি পদ নিয়ে বেজায় ক্ষোভ রয়েছে। গোপালপুর অঞ্চলে সংখ্যাগরিষ্ঠ মতকে উপেক্ষা করে এক জেলা নেতা নিজের মর্জি মতো সিদ্ধান্ত নিয়েছেন বলে অভিযোগ। নিচুতলার কর্মীদের ক্ষোভ দুর করতে না পারলে লোকসভা ভোটে ২৫টি বুথে চরম খারাপ প্রভাব পড়বে বলেই সাফ জানিয়ে দিচ্ছেন নিচুতলার কর্মীরা। মলানদিঘিতেও ক্ষোভ চরমে উঠেছে।

কাঁকসা এবং আমলাজোড়ার নিচুতলার কর্মীরা সরাসরি প্রশ্ন তুলছেন দায়িত্বপ্রাপ্ত জেলা নেতার সিদ্ধান্তের উপর। কার্যত এই জেলা নেতা কাঁকসায় গোষ্ঠী গড়তে চাইছেন বলেই সব অঞ্চলে কার্যকরি সভাপতি নিয়োগ হলেও এই দুই অঞ্চলে হয়নি বলেই অভিযোগ নিচুতলার কর্মীদের। সময় বলবে পশ্চিম বর্ধমানের জেলা সভাপতি কত দ্রুত ব্যবস্থা নিয়ে নিচুতলার কর্মীদের মনোবল চাঙ্গা করতে পারেন।

বিকল্পের পথে প্রতাপপুর পঞ্চায়েত, অঙ্গনওয়াড়িতে সৌরবিদ্যুৎ

নিজস্ব সংবাদদাতা, দুর্গাপুর ঃ প্রচলিত বিদ্যুৎ ব্যবহারের পথ থেকে ধীরে ধীরে সরে আসাই লক্ষ্য। সৌরবিদ্যুৎ ব্যবহার করে নজির গড়লো দুর্গাপুর-ফরিদপুর ব্লকের প্রতাপপুর পঞ্চায়েত। প্রতাপপুর পঞ্চায়েত এলাকায় দুটি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সৌরবিদ্যুৎ চালিত আলো এবং ফ্যান লাগানো হয়েছে। প্রতাপপুর পঞ্চায়েত সীতারাম রুইদাস বলেন, প্রচলিত বিদ্যুৎ উৎপাদনের খরচ বেশি তাই সৌরবিদ্যুৎ ব্যবহারের পথে এগিয়ে যাওয়ার লক্ষ্যে এই দুই অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সৌরবিদ্যুৎচালিত আলো এবং পাখা ব্যবহার করা শুরু হয়েছে। দুর্গাপুর-ফরিদপুর ব্লকের বিডিও শুভ সিনহা রায় বলেন, প্রতাপপুর পঞ্চায়েতের উদ্যোগ প্রশংসনীয়।

জ্ঞান-বিজ্ঞান ও বইমেলা

নিজস্ব সংবাদদাতা, আসানসোল ঃ পশ্চিম বর্ধমান জেলায় প্রথম অনুষ্ঠিত হচ্ছে জ্ঞান-বিজ্ঞান ও বইমেলা। মুখ্যমন্ত্রী আসানসোল দুর্গাপুরকে নিয়ে নতুন জেলা পশ্চিম বর্ধমান গঠন করেছেন। এদিন এই অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে আসানসোল পুরনিগমের মেয়ারপারিষদ অভিজিৎ ঘটক বলেন, মুখ্যমন্ত্রী নতুন জেলা গঠনের পরে ছাত্রছাত্রীদের জ্ঞানবৃদ্ধিতে এই মেলার আয়োজন করা হয়। শুক্রবার সকালে চেলিডাঙ্গা হাইস্কুলে ছাত্রছাত্রীদের মধ্যে জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে পশ্চিম বর্ধমান জেলা জ্ঞান-বিজ্ঞান ও বইমেলার শুভ উদ্বোধন হয়। উপস্থিত ছিলেন মহকুমা শাসক প্রলয় রায়চৌধুরী, বিধায়ক ও আড্ডার চেয়ারম্যান তাপস ব্যানার্জী, মেয়র পারিষদ অভিজিৎ ঘটক, কাউন্সিলর বাবন ব্যানার্জী, মেয়র পারিষদ অঞ্জনা শর্মা ও অন্যান্য সম্মানীয় অতিথিরা। দুদিন ধরে চলবে এই মেলা। এদিন তাপস বাবু বলেন, ছাত্রছাত্রীরা এই মেলায় বিজ্ঞানের আবিষ্কার সম্পর্কে জানতে পারবে।

দুর্গাপুরে গ্রাফাইট কারখানা যাবার রাস্তা অবরোধ

নিজস্ব সংবাদদাতা, দুর্গাপুর ঃ দুর্গাপুরের কোকওভেন থানা এলাকার জোনাল সেন্টার থেকে গ্রাফাইট কারখানা যাওয়ার যে মূল রাস্তা সেই রাস্তা দিয়ে কয়েক হাজার মানুষ প্রতিদিন যাতায়াত করেন। আর সেই রাস্তায় দীর্ঘদিন ধরে নরকতুল্য হয়ে পড়েছে। ভাঙাচোরা কর্দমাক্ত এই রাস্তার সিংহভাগ দখল করে দাঁড়িয়ে থাকে যার ফলে এই রাস্তায় পারাপার করাই হয়েছে আতঙ্কের। মাত্র কয়েকদিন আগেই একফালি হয়ে পড়া এই রাস্তা দিয়ে পারাপার করতে গিয়ে এক প্রৌঢ়ের মৃত্যু হয় ডাম্পারের ধাক্কায়। শিল্পতালুকের এই রাস্তা দেখভালের দায়িত্ব আসানসোল-দুর্গাপুর উন্নয়ন পর্ষদের হাতে থাকলেও এই রাস্তা দীর্ঘকাল কোনো সংস্কার হয়নি। এই রাস্তা দিয়ে নামোসগড়ভাঙা, দেশবন্ধু কলোনির বাসিন্দারা সহ কয়েক হাজার মানুষ প্রতিদিন পারাপার করেন। ছোট ছোট ছেলেমেয়েরা এই রাস্তা দিয়েই প্রতিদিন স্কুলে যাতায়াত করে প্রাণের ঝুঁকি নিয়ে। তাই দীর্ঘদিন আবেদন-নিবেদনের পরেও কোনো কাজ না হওয়ার পরে শুক্রবার এলাকার আবালবৃদ্ধবণিতারা রাস্তা অবরোধ করেন। আজ আর আশ্বাস নয়। লিখিত আশ্বাস চাই আড্ডার। এমন দাবিতে এদিন সকাল থেকেই এই রাস্তা দিয়ে শিল্পকলকারখানায় যাতায়াতকারী সব গাড়ি চলাচল বন্ধ করে দেওয়া হয়। ঘটনাস্থলে কোকোওভেন থানার পুলিশ এলেও তারা দর্শকের ভূমিকায় দাঁড়িয়ে থাকে।

পূর্বস্থলী ২ নং ব্লকে আদিবাসী উৎসব

নিজস্ব সংবাদদাতা, পূর্বস্থলী ঃ রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জঙ্গলে গিয়ে আদিবাসীদের উদ্দেশে জানিয়ে দিয়েছেন বিশ্বাস রাখুন আমাকে ছেড়ে দূরে চলে যাবেন না এই আর্জি সহমত পোষণ করে পূর্বস্থলী ২ নং তৃণমূল কংগ্রেসের উদ্যোগে আদিবাসী উৎসব অনুষ্ঠিত হল। শুক্রবার ব্লকের ফলেয়া উচ্চ বিদ্যালয়ে আদিবাসী উৎসবের সূচনা করেন জেলাপরিষদের সদস্য দেবাশিষ ও বিপুল দাস। এই আদিবাসী উৎসবে উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক ত পন চট্টোপাধ্যায় তৃণমূল কংগ্রেস অঞ্চল সভাপতি আমানুল্লাহ চৌধুরী, পীযূষ ব্যানার্জী, এনামুল শেখ, পিকু শেখ, মইনুল হক মন্ডল, আলমগীর মল্লিক বাবু, শেখ তাপস চৌধুরী প্রমুখ। এই আদিবাসী উৎসবে কয়েক হাজার আদিবাসী সম্প্রদায়ের মানুষ উপস্থিত ছিলেন। ব্লকের মুকসিমপাড়া গ্রাম পঞ্চায়েতের তৃণমূল কংগ্রেসের অঞ্চল সভাপতি আমানুল্লাহ চৌধুরীরের নেতৃত্বে প্রায় চার শতাধিক আদিবাসী সম্প্রদায়ের মানুষ ধামসা মাদল বাজিয়ে মিছিল করে উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে আসে। এই আদিবাসী উৎসবে উপস্থিত নেতৃত্ববর্গ আদিবাসীদের সম্পর্কে সরকারের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কথা তুলে ধরেন। সেই সাথে আদিবাসী এলাকায় রাজ্য সরকার এই মুহূর্তে কি কি কাজ করতে পেরেছে সে সম্পর্কেও বিস্তারিতভাবে উপস্থিত নেতারা ব্যাখ্যা করেন। রাজ্যের মুখ্যমন্ত্রীর সুরে সুর মিলিয়ে উপস্থিত নেতারা বলেন যে, সরকারের দৃষ্টিভঙ্গি আদিবাসীদের উন্নয়নে ব্যাপক উন্নয়ন করেছে যা কিনা বাম আমলে কখনোই হয়নি। আদিবাসী উৎসব আদিবাসী সম্প্রদায়ের কৃতি মেধাবী ছাত্রছাত্রীদের সংবর্ধনা জ্ঞাপন করা হয়। উৎসবে ছিল আদিবাসী নৃত্য সংগীত-সহ একাধিক সাংস্কৃতিক কর্মকাণ্ড। বিশ্ব আদিবাসী দিবসের স্মরণীয় রাখতে এদিন ৯ আগস্ট ভারতছাড়ো আন্দোলনের নানান দিক নিয়ে বক্তব্য রাখেন উপস্থিত নেতারা।

বিজেপি ভারতছাড়ো এইরকম শ্লোগানে প্রাসঙ্গিক হয়ে ওঠে আদিবাসী উৎসব। আদিবাসীদের নিয়ে গেরুয়া শিবিরে লোকজনেরা বিভাজনের রাজনীতি নিয়ে লড়াই করছে বলে অভিযোগ তোলেন তৃণমূলের নেতানেত্রীরা।

শিল্যা পার্ক শীঘ্রই চালু হবে

নিজস্ব সংবাদদাতা, গলসি ঃ বাম আমলে বন্ধ হয়ে গিয়েছিল রামগোপালপুর পঞ্চায়েতের অন্তর্গত শিল্যাঘাট পার্ক। দামোদরের তীরে এই পার্ককে নতুন করে তৈরি করে আবার সাধারণ বাসিন্দাদের মধ্যে খুলে দেওয়ার পরিকল্পনা করেন রামগোপালপুর পঞ্চায়েত প্রধান ফজিলা বেগম। সেই লক্ষ্যেই শুরু হয় শিল্যা পার্কের কাজ শুরু। পঞ্চায়েত প্রধান ফজিলা বেগম বলেন, শিল্যা পার্কের কাজ প্রায় শেষের মুখে। প্রধান বলেন, খুব দ্রুত এই পার্ক সাধারণের জন্য খুলে দেওয়া হবে।

আত্মহত্যায় প্ররোচনা, গ্রেফতার ৪

নিজস্ব সংবাদদাতা, গলসি ঃ চিটফান্ডের এক কর্মীকে আত্মহত্যার প্ররোচনা দেওয়ার অভিযোগে চারজন অভিযুক্তকে গ্রেফতার করেছে পুলিশ। ধৃতরা গলসি থানার গলিঘামের বাসিন্দা জগাই দাস, সুকুমার দাস, বাপন সিকুরে ও পিন্টু সিকুরে। বৃহস্পতিবার সকালে বর্ধমান থানার পুলিশ তাঁদের গ্রেফতার করে। ধৃতদের এদিন বর্ধমান আদালতে তোলা হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে, বর্ধমান শহরের নতুন পল্লির বাসিন্দা দেবকৃষ্ণ রায় একটি বেসরকারি অর্থলগ্নি সংস্থার কাজ করতেন। ২০১২ সালে আমানতকারীদের অর্থ আত্মসাৎ করে ওই সংস্থাটির কর্তারা গা-ঢাকা দেয়। আমানত ফেরৎ দেওয়ার জন্য দেবকুমার ও তাঁর শ্বশুর সাধন কুমার রায় চাপ দিচ্ছিল। ২০১৩ সালে ২০ জানুয়ারি সাধনবাবু কীটনাশক খেয়ে আত্মহত্যা করে। ওই বছর ২২ ফেব্রুয়ারি গলায় ওড়নার ফাঁস লাগিয়ে আত্মঘাতী হন দেবকৃষ্ণ। তাঁর শ্যালিকা স্মৃতিকণা রায় বর্ধমান থানায় অভিযোগ দায়ের করেন। ১০ জনের বিরুদ্ধে আত্মহত্যায় প্ররোচনা দেওয়ার অভিযোগ দায়ের করে। তা কার্যকর করে ধারায় পুলিশ চার্জশিট পেশ করে। পুলিশ ৪ জনকে গ্রেফতার করে। ৫ জন হাইকোর্ট থেকে জামিন নেয়। বাকি ৫ জনের বিরুদ্ধে আদালত গ্রেফতারি পরওয়ানা জারি করে। তা কার্যকর করে পুলিশ ৪ জনকে গ্রেফতার করেছে।

পূর্বস্থলী ২ নং ব্লক জুড়ে সক্রিয় মাটি মাফিয়ারা

নিজস্ব সংবাদদাতা, পূর্বস্থলী ঃ দীর্ঘদিন ধরেই পূর্বস্থলী ২ নং ব্লকের গঙ্গার তীরবর্তী এলাকা থেকে এবং সেইসাথে গঙ্গার পাড় থেকে হামেশাই সক্রিয় মাটি মাফিয়ারা। মাটি পাচারকারীরা নিজেদেরকে গুন্ডা মনে করেই আইনকে বুড়ো আঙুল দেখিয়ে দিনের পর দিন কৃষিযোগ্য জমি থেকে যেমন মাটি কেটে পাচার করা হচ্ছে তেমনি গঙ্গার পাড় থেকে মাটি কেটে বিভিন্ন জায়গায় বিক্রি করার প্রবণতা এখন লক্ষ্যণীয়। তবে প্রচণ্ড বৃষ্টির কারণে কিছুদিন ধরে সেরকম একটা মাটি পাচারকারীদের সক্রিয়তা না থাকলেও এর বর্ষা শেষ হতেই শুরু হয়ে যাবে জোরকদমে মাটি পাচারকারীদের কারবার। স্থানীয়দের অভিযোগ যে, কখনো প্রশাসনকে হাতে রেখে বা রাজনীতিবিদদের হাতে রেখে মাটি মাফিয়ারা সক্রিয় বলে এমনটাই আড়ালে-আবডালে আলোচিত বিষয়। তবে জোর অভিযোগ উঠেছে যে মাটি পাচারকারীদের সাথে ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের একটা অংশ যুক্ত থাকার কারণেই মাটি মাফিয়ারা সক্রিয়। স্থানীয়দের অভিযোগ যে, আমরা গ্রামবাসী হিসাবে রুখে দাঁড়ানোর সাহস কম লোকের আছে তাই হাশেশাই চাষের জমি থেকে মাটি কাটার প্রবণতা শুরু হয়ে যায়। সবাই মনে মনে প্রতিবাদের ঝড় তোলেন কিন্তু প্রকাশ্যে এসে মাটি মাফিয়াদের বিরুদ্ধে রুখে দাঁড়াবার সাহস নেই পূর্বস্থলী ২ নং ব্লকের প্রশাসন থেকে শুরু করে রাজনীতিবিদদের। পূর্বস্থলী ২ নং ব্লকের পাটুলি থেকে শুরু করে পিলা এবং তামাঘাটা ও পূর্বস্থলীর সংলগ্ন গঙ্গা থেকে প্রতিদিনই ট্রাক্টরের পর ট্রাকভর্তি মাটি কেটে নেওয়া হচ্ছে। স্থানীয়দের অভিযোগ যে, এর ফলে গঙ্গার পাড়ের চাষযোগ্য জমির ও ব্যাপক ক্ষতি হচ্ছে। মাঝেমধ্যে জেসিবি দিয়েও মাটি কেটে বিক্রি করা হয় বলে অভিযোগ। তবে স্থানীয়দের অভিযোগ যে, প্রশাসন বিষয়টি হস্তক্ষেপ করুক এবং সেইসাথে ভূমি ও ভূমি রাজস্ব দপ্তর এই মাটি মাফিয়াদের বিরুদ্ধে সক্রিয় আইনি ব্যবস্থা নেওয়া উচিত বলেই দাবি উঠেছে এলাকা থেকে। তবে আরও অভিযোগ যে, যেসব জায়গা থেকে মাটি কাটা হয় সেখানে অনেকেই যেতে ভয় পান কারণ মাটি মাফিয়াদের শক্তি অনেকটাই ভয়ঙ্কর ধরণের বলে গুঞ্জন রয়েছে এখনও এলাকায়। গঙ্গা তীরবর্তী এলাকা থেকে এবং তার থেকে মাটি কাটার ফলে ব্যাপক ক্ষতি হচ্ছে বলে চাষিদের যেমন অভিযোগ তেমনি স্থানীয় বাসিন্দাদের অভিযোগ। মাটি পাচার হওয়ার সময় রাস্তাঘাটেরও ব্যাপক ক্ষতি হয় ওইসব ট্রাক্টরের যাতায়াতে।

এইপ্রসঙ্গে পূর্বস্থলী ব্লক ভূমি ও ভূমি সংস্কার দপ্তর থেকে কোন রকম মন্তব্য করা হয়নি তবে একটা অংশের কর্মচারিদের অভিযোগ বেআইনিভাবে মাটি কাটার কোন অভিযোগ আমাদের কাছে জমা পড়ে না। নিশ্চয়ই অভিযোগ জমা পড়লে বেআইনিভাবে মাটি কাটা হলে অবশ্যই ব্যবস্থা নেওয়া হবে।

ডাঃ অশোক কুমার নন্দী
MBBS, MD, FIAMS
Regd. No.- 54156 (WBMC)
:: রোগী দেখছেন ::
স্পন্দন হেলথ্ পয়েন্ট-এ
লিংকে রোড, আরামবাগ, হুগলি
সময়- সকাল ১০.৩০ মি. থেকে বিকাল ৪টে পর্যন্ত।
যোগাযোগ ঃ 9732228783, 9775034533

এম. এ. গণি হাসপাতাল
কোর্ট রোড, আরামবাগ, হুগলি
দিবারাত্রী রোগী ভর্তির সুব্যবস্থা আছে।
বিঃ দ্রঃ- স্বাস্থ্যসাথী কার্ড হোল্ডারদের এখানে সম্পূর্ণ বিনামূল্যে সুচিকিৎসার ব্যবস্থা আছে।
Mobile : 9609538713, 9775781615
Phone : 03211 - 255 222